**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 9 April 2025** **TIME: 7:35 AM**

---

আসাম সরকার রাজ্যে যাতায়াত ব্যবস্থায় নতুন গতি আনতে তিনটি হাই স্পীড করিডর নির্মানের পরিকল্পনা করেছে । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে জানান যে এই তিনটি হাই স্পীড করিডর হচ্ছে - শ্রীরামপুর , গুয়াহাটী-শিলচর এবং গুয়াহাটী -ডিব্রুগর করিডর । গুয়াহাটী-শিলচর হাই স্পীড করিডরটি বরাপানী হয়ে নির্মান করার সিদ্ধান্ত হয়েছে । মূখ্যমন্তী আরো জানান যে শিলচর এবং ডিব্রুগড়কে ৬ ঘন্টার মধ্যে গুয়াহাটীর সঙ্গে যুক্ত করা সরকারের পরিকল্পনা রয়েছে ।

---

আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনে ফৌজদারী মামলায় অভিযুক্ত কোনো প্রার্থী প্রতিদ্বন্দিতা করতে পারবেন না বলে রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে । কোনো প্রার্থীর বিরুদ্ধে দুবছর বা তার বেশি সময়ের জন্য কারাবাসের কোনো তথ্য থাকলে তিনি প্রতিদ্বন্দিতা করতে পারবেন না । এছাড়া লোকসভা এবং বিধানসভা নির্বাচনের মতোই পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে চাওয়া প্রার্থীদের নিজেদের স্থাবর, অস্থাবর সম্পত্তির হিসেব দাখিল করতে হবে । পঞ্চায়েত নির্বাচনের প্রার্থীদের নির্দিষ্ট যোগ্যতা সম্পর্কে নির্বাচন কমিশন সম্প্রতি বিজ্ঞপ্তি জারি করেছিল । এ অনুসারে মনোনয়ন পত্র দাখিলের সময়ে প্রার্থীদেরকে নিজেদের সম্পত্তির হিসেবের

শপথনামা জমা দিতে হবে । কোনো প্রার্থী বা তার স্ত্রী বাল্য বিবাহ আইন-২০০৬ ভঙ্গ করতে পারবেন না ।  অনুরূপভাবে এই নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে প্রার্থীর বয়স ২১ বছরের উপরে হতে হবে ।  প্রত্যেক প্রার্থীর বাড়িতে শৌচাগার থাকতে হবে । এছাড়া নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে চাওয়া কোনো প্রার্থীর দুটোর বেশি সন্তান থাকতে পারবে না । গ্রাম পঞ্চায়েত সদস্যপদের জন্য প্রার্থীদের ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ হতে হবে ।

---

আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে ইচ্ছুক প্রার্থীদের মনোনয়ন পত্রের সাথে কর সংক্রান্ত দায়মুক্ত থাকার স্বঘোষনা পত্র জমা দিতে হবে ।

এদিকে  জেলায় পঞ্চায়েত নির্বাচন সর্ম্পকিত অভিযোগ , আর্দশ আচরন বিধি লংঘন সংক্রান্ত কোন অভিযোগ নথিভুক্ত করতে জনসাধারনকে টোল ফ্রি নম্বর ১৮০০-৩৪৫-৩৯৬৬ নম্বরে জানাতে বলা হয়েছে । নির্বাচন শেষ না হওয়া পর্য্যন্ত এই টোল ফ্রি নম্বরটি ২৪ ঘন্টা চালু থাকবে বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্টভাবে সম্পন্ন করতে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে ০৩৮৪৪-২৯৫০৪৬ । জেলা প্রশাসন থেকে জনসাধারনকে পঞ্চায়েত নির্বাচন সংক্রান্ত কোন খবর ও অভিযোগ কন্ট্রল রুমে জানাতে বলা হয়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলায় পঞ্চায়েত নির্বাচনে প্রচার অভিযানের  জন্য প্রার্থীদের সভা , র‍্যালী , মাইক ,গাড়ির অনুমতি চক্র আধিকারীক থেকে সংগ্রহ করতে বলা হয়েছে ।

---

শ্রীভূমি জেলা হজ কমিটির সদস্য সচিব তথা অতিরিক্ত আয়ুক্ত আনিস রসুল মজুমদার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার হজ যাত্রীদের প্রশিক্ষন কর্মশালা আজ আসিমগঞ্জের আসিমিয়া এম ই মাদ্রাসায় অণুষ্ঠিত হবে । কর্মশালা সকাল ১০টা থেকে শুরু হবে ।

এছাড়া আগামী ১৪ই এপ্রিল শ্রীভূমি শহরের সেটেলমেন্ট বাজার জামে মসজিদে অনুরূপ প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । জেলা হজ কমিটি থেকে হজ যাত্রীদের প্রশিক্ষন কর্মশালায় যোগ দিতে আহ্বান জানানো হয়েছে ।

---

কাবুগঞ্জ জনতা কলেজের ৬১তম প্রতিষ্ঠা দিবস গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে কলেজের পতাকা উত্তোলন ও প্রদীপ প্রজ্বোলন করে যৌথভাবে অনুষ্ঠানের সূচনা করেন কলেজ পরিচালন সমিতির সভাপতি মোহন সিংহ , কলেজ অধ্যক্ষ ডক্টর দেবাশীষ পাল , কাবুগঞ্জ লক্ষীচরন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ অমলেন্দু নাথ এবং জনতা কলেজ প্রাক্তনী সমিতির সভাপতি অধ্যাপক স্বপন শুক্লবৈদ্য প্রমূখ । অনুষ্ঠানের প্রথম পর্বে কলেজের অতীত ও বর্তমান শৈক্ষিক অবস্থান ও পরিকাঠামোর উপর গুরুত্ব আরোপ করে একটি আলোচনা সভা এবং দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়েছে ।

---

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা , বাকস আয়োজিত চর্তুদশ মিডিয়া ক্রিকেট ফেষ্ট-২০২৫ আজ থেকে শুরু হচ্ছে । আজ সতীন্দ্র মোহন দেব

স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার উদ্বোধনী ম্যাচে হাইলাকান্দি খবর হিরোজ মূখোমূখি হবে অটল প্রেস ফাইটার্স-এর বিরুদ্ধে । দিনের দ্বিতীয় খেলায় নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স খেলবে বরাক বুলেটিন স্টাইকার্স এর বিরুদ্ধে । এবারের আসরে মোট ৬টি দল অংশ নিচ্ছে । এরমধ্যে কাছাড় জেলার চারটি , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার একটি করে দল রয়েছে । প্রতিযোগীতার সংযোজক শুভেন্দু দাস আমাদের সংবাদদাতাকে জানান --------------বাইট